

A world where people, especially the hard to reach and unaddressed, will have equal opportunity to live with dignity and hope.

এমন একটি পৃথিবী গড়তে চাই, যেখানে প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী মর্যাদা এবং আশা নিয়ে জীবন-যাপনের সমান সুযোগ পাবে।

www.friendship.ngo

Justice

ন্যায়বিচার

Code of Ethics for the month of August



Friendship organizes char theatres to help rural citizens to understand their rights and obligations to establish justice

What is Justice ?

Justice is the principle of moral rightness and decency. It is the understanding and therefore the action, of doing something based on the sense of what is right.

Explanation :

Fairness is a concept involving the fair, moral, and impartial treatment of every individual. Justice is protection of rights and punishment of wrongs. Justice places a standard of good morals and ethics over all people and demands them to follow to this standard. Justice transcends caste or creed. It is what one seeks for in a nation and an individual.

ন্যায়বিচার কি ?

ন্যায়বিচার হলো নৈতিক ন্যায়পরায়ণতা এবং শালীনতার নীতি । যা ন্যায় তার উপর ভিত্তি করে কোন কিছু অনুধাবন করা বা সেই অনুযায়ী কাজ করাকে ন্যায়বিচার বলে ।

ব্যখ্যা :

প্রত্যেকটি ব্যক্তির ন্যায়, নৈতিক এবং নিরপেক্ষ আচরণের সাথে সংশ্লিষ্ট একটি চেতনা হলো ন্যায়বিচার । স্বচ্ছতা হলো ন্যায় প্রতিষ্ঠা করা এবং অন্যের শাস্তি প্রদান করা । ন্যায়বিচার সমাজে অতি গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করে থাকে কারণ এটি সকলের কল্যাণের জন্য একটি মানদণ্ড নির্ধারণ করে এবং তা অনুসরণ করে চলার দাবী রাখে । অতএব, আমাদের ন্যায়বিচারের স্বার্থে সবসময় সকলের সাথে সমান আচরণ করা উচিত । ন্যায়বিচার কোন জাতপাত বিচার করে না । ন্যায়বিচার জাতি এবং ব্যক্তি বিশেষের কাছে প্রত্যাশিত ।

Quotes

1. "There may be times when we are powerless to prevent injustice, but there must never be a time when we fail to protest"
- Elie Wiesel, American Professor and Political Activist
2. "All the great things are simple, and many can be expressed in a single word :
Freedom, Justice, Honor, Duty, Mercy, Hope"
- Sir Winston Churchill, Prime Minister of the United Kingdom (1940-1945)
3. "The virtue of justice consists in moderation, as regulated by wisdom"
- Aristotle, Greek Philosopher and Scientist
4. "Justice does not come from the outside. It comes from inner peace"
- Barbara Hall Canadian Lawyer, Public Servant and Former Politician

উদ্ধৃতি

১. "কখনও কখনও এমন সময় আসে যখন আমরা কোন অবিচারকে বাধা দিতে অসহায় হয়ে পড়ি কিন্তু এমন সময় কখনই আসা উচিত না যখন আমরা তা প্রতিরোধ করতে ব্যর্থ হই"
- এলি উইসেল, আমেরিকান অধ্যাপক এবং রাজনৈতিক কর্মী
২. "সব মহান কিছুই সাধারণ এবং এর বেশির ভাগই শুধুমাত্র একক শব্দ দ্বারা প্রকাশিত হয় :
স্বাধীনতা, ন্যায়বিচার, সম্মান, দায়িত্ব, দয়া, আশা"
- স্যার উইলস্টন চার্চিল, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী (১৯৪০-১৯৪৫)
৩. "ন্যায়বিচারের পরিপূর্ণতা পেতে সংযত হতে হয়, যেমনটি পরিচালিত হয় বিচক্ষণতার মাধ্যমে"
- অ্যারিস্টটল, গ্রীক দার্শনিক ও বিজ্ঞানী
৪. "ন্যায়বিচার বাহ্যিকভাবে আসে না। এটি আসে অভ্যন্তরীণ শান্তি থেকে"
- বারবারা হল, কানাডিয়ান আইনজীবী, সরকারী কর্মচারী এবং সাবেক রাজনীতিবিদ

Story

(1)

The Caliph `Umar ibn Al-Khattaab (may Allah be pleased with him) bought a horse from a bedouin, he paid its price and rode off with it. However, after travelling a little distance, the Caliph noticed some kind of defect in the horse so he returned to the seller, requesting him to take it back since it was defective. The man refused, telling the Caliph that the horse was perfectly healthy when it was sold to him. `Umar (may Allah be pleased with him) told the man to choose a judge and the man suggested a wise man whom `Umar accepted.

After listening to the bedouin's testimony, the judge turned to `Umar (may Allah be pleased with him) and asked "Was the horse normal and healthy when you bought it?" `Umar replied: "Yes, it was." The Judge replied "Then keep what you bought or return it as you took." `Umar (may Allah be pleased with him) looked at the judge in admiration and said, "This is proper indeed. You have given a perfect verdict. I give you the position of Chief Justice of Koofah in 'Iraq. From today onwards, you are the Chief Justice of Koofah"

গল্প

(১)

একবার খলিফা ওমর ইবনে আল-খাত্তাব এক বেদুইনের কাছ থেকে একটি ঘোড়া কিনলেন। ঘোড়ার দাম পরিশোধ করেই তিনি ঘোড়ায় চড়লেন এবং তাকে হাঁকিয়ে নিয়ে গেলেন। কিছুদূর যেতেই খলিফা লক্ষ্য করলেন যে ঘোড়াটির কিছু খুঁত আছে তাই তিনি সাথে সাথে ঘোড়াটিকে পেছনের দিকে ফিরিয়ে এর মালিকের কাছে নিয়ে গেলেন এবং তাকে এটি ফেরত নিতে অনুরোধ করলেন যেহেতু এর খুঁত আছে। কিন্তু মালিক ঘোড়াটি ফেরত নিতে অস্বীকার করে বলল যে, ঘোড়াটি বিক্রীর সময় পুরোপুরি সুস্থ ছিল। খলিফা ওমর তখন ঘোড়ার মালিককে একজন সালিশ বা বিচারককে ডেকে আনতে বললেন। ঘোড়ার মালিক তখন একজন জ্ঞানী লোককে বিচারক মানার প্রস্তাব দিলেন এবং খলিফা ওমর রাজি হলেন।

বিচারক বেদুইনের কথা শোনার পর খলিফাকে জিজ্ঞেস করলেন, "আমিরুল মু'মিনীন! আপনি কি ঘোড়াটি স্বাভাবিক ও সুস্থ অবস্থায় কিনেছিলেন?" খলিফা ওমর উত্তরে বললেন, "হ্যাঁ, তাই।" বিচারক তখন বললেন, "তাহলে হয় আপনি ঘোড়াটি যেমন কিনেছিলেন তা রেখে দিন, না হয় যে অবস্থায় কিনেছিলেন সে অবস্থায় ফেরত দিন।" এ কথা শুনে খলিফা ওমর বিচারকের দিকে তাকিয়ে প্রশংসা করে বললেন, "এটাই সঠিক বিচার বটে! তুমি সম্পূর্ণ নির্ভুল মত ও ন্যায্য রায় দিয়েছ। আমি তোমাকে ইরাকে কুফার প্রধান বিচারপতির স্থান দিলাম। আজ থেকে তুমি কুফার বিচারপতি।"

For Teachers :

[This story is taken from Buddhist religion Tales where it was stated that, Gautama Buddha, who once born as a dog under Bodhisattva. According to the Tales, Bodhisattva is a spiritual man who is born again and again to end the grief of mankind.]

Once upon a time, King Brahmadata of Benares went to his pleasure garden in his fancy decorated chariot. He loved this chariot, mostly because of the rich hand-worked leather belts and straps. On this occasion, he stayed in his pleasure garden all day long and into the evening. It was late when he finally got back to the palace. So the chariot was left outside in the compound all night, instead of being locked up properly. During the night it rained heavily and the leather got wet. The pampered palace dogs smelled the delicious leather scent and came down into the compound. They chewed off and ate the soft wet chariot straps.

Next day the servants told the king that the leather was chewed off and eaten by stray dogs. The king flew into a terrible rage. He was so overcome by anger that he decided to take vengeance against all dogs. So King Brahmadata decreed that, all dogs must be killed in the city at sight. Soon people began killing dogs. The Dog king Rupraj who was born as Bodhisattva, used to live in Mahasmasane at that time with other stray dogs. When this began to happen, the remaining dogs rushed to the dog king Rupraj and explained him what was happening. After listening to them, he found out a way to save them.

He went out to meet the King for justice. Then he respectfully told the king that, it is not easy for stray dogs to get into the palace. This is not fair to give the command killing all the stray dogs without knowing the real offender. Innocent dogs have been killed unfairly. After listening to this, the king requested the Dog King to identify the guilty. The Dog King Rupraj mixed buttermilk with kusa grass and fed the royal dogs and they vomited. Pieces of leather came out with the vomit. King Brahmadata was so happy to see the intelligence of the Dog King and admitted his mistake to punish the innocent. King Brahmadata then announced that all dogs, including stray dogs will be fed good food.

¹ A chariot is a type of carriage driven by a charioteer using horses. To control the horse, straps are used which is made by leather.

² The place where dead body is incinerated

শিক্ষকদের জন্য:

[এই গল্পটি বৌদ্ধ ধর্মের জাতকের গল্প থেকে নেওয়া হয়েছে যেখানে বলা হয় যে, বুদ্ধদেব বোধিসত্ত্ব হিসেবে একবার কুকুররূপে জন্ম নেন। বোধিসত্ত্ব হলেন একজন আধ্যাত্মিক মুক্তিকামী ব্যক্তি যিনি জীবের দুঃখ অবসান করতে কাজ করেন এবং এই উদ্দেশ্যে বারবার জন্মগ্রহণ করেন।]

পুরাকালে একসময় বাণারসীর রাজা ছিলেন ব্রহ্মদত্ত। তিনি একদিন তাঁর সাজানো রথ^১ চড়ে বাগানে বেরাতে গেলেন। তিনি এই রথটিকে খুব ভালবাসতেন কারণ রথটির চামড়ার বেল্ট এবং ফিতা কারুকাজে সমৃদ্ধ ছিল। রথে চড়ে বাগানে সারাদিন বেরিয়ে রাজা সন্ধ্যায় ফিরলেন। অনেক দেরি করে ফেরায় রথটি সেই রাতে আর তুলে রাখা হল না। সারা রাত সাজসহ রথটি উঠানেই পড়ে রইল। রাতে অনেক বৃষ্টি হওয়ায় চামড়ার সাজ ভিজে জবজবে হয়ে গেল। তখন প্রাসাদের দুর্গু কুকুরের দল ভেজা চামড়ার গন্ধ পেয়ে নিচে নেমে এসে সেগুলো খেয়ে ফেলল।

পরদিন রাজার চাকরেরা রাজাকে বলল যে, বাইরের কুকুরের দল ঢুকে রথের চামড়ার সাজ খেয়ে ফেলেছে। এ কথা শুনে রাজা খুব রেগে গিয়ে রাজপ্রাসাদের বাইরে যেখানে যত কুকুর আছে সব মেরে ফেলার হুকুম দিলেন। সারা শহরে সাথে সাথে তখন কুকুর মেরে ফেলা শুরু হয়ে গেল। বোধিসত্ত্ব হিসেবে জন্ম নেওয়া কুকুরের রাজা রূপরাজ তখন সেই রাজ্যে অন্য কুকুরের সাথে মহাশ্মশানে^২ বাস করতেন। প্রাণের ভয়ে একদল কুকুর তখন রূপরাজের কাছে সাহায্য চাইতে সেখানে ছুটে গেল। ঘটনাটি বিস্মারিত শুনে রূপরাজ জাতভাইদের প্রাণ বাঁচাবার রাস্তা খুঁজে বের করলেন।

তাই তিনি রাজার সাথে দেখা করে ন্যায্যবিচার চাইতে রাজপ্রাসাদে গেলেন। রূপরাজ সেখানে প্রবেশ করে রাজাকে সম্মানের সাথে বুঝিয়ে বললেন যে, রাজপ্রাসাদে ঢুকে বাইরের কুকুরের পক্ষে এ কাজ করা সহজ নয়। এবং সত্যিকারের অপরাধীকে না চিনে রাজপ্রাসাদের বাইরের সব কুকুরকে মেরে ফেলার এই আদেশ দেওয়াটা অন্যায়। এতে নির্দোষ কুকুরগুলো মারা যাবে। একথা শুনে রাজা আসল দোষীদেরকে ধরিয়ে দিতে রূপরাজকে অনুরোধ করলেন।

এই শুনে রূপরাজ ঘোলের সাথে কুশ মিশিয়ে রাজ প্রাসাদের কুকুরদের খাওয়ালেন। তা খেয়েই কুকুরগুলো বমি করে ফেলল। আর বমির সাথে চামড়ার টুকরো বেরিয়ে পড়ল। রূপরাজের বুদ্ধি দেখে রাজা তাঁর উপর খুবই খুশি হলেন এবং রূপরাজের কাছে রাজা তাঁর ভুল স্বীকার করলেন। এরপর রাজা ব্রহ্মদত্ত ঘোষণা দিলেন যে, প্রাসাদের বাইরের কুকুরসহ সকল কুকুরদের ভাল খাবার দেওয়া হবে।

^১ রথ: রথ হলো একটি ঘোড়ার গাড়ি। ঘোড়াকে নিয়ন্ত্রণের জন্য চামড়ার তৈরি বেল্ট এবং ফিতা দিয়ে তৈরি ধরনী ব্যবহার করা হয়।

^২ মৃত দেহ দাহ করার স্থানকে মহাশ্মশান বলে।

Interactive session:

Write this quote on the board: “It is not fair to ask of others what you are not willing to do yourself.” - Eleanor Roosevelt

Discuss with the class the meaning of this quote by a former first lady of USA who dedicated her life to improving the quality of people’s lives around the world. Have students brainstorm situations they see as unfair and then come up with some solutions together.

অংশগ্রহণমূলক অনুশীলন:

বোর্ডে উদ্ধৃতিটি লিখুন: “তুমি নিজে যা করতে চাও না তা অন্যকে উপদেশ দেওয়া ঠিক নয়”- এলেনর রুসভেল্ট

মার্কিন যুক্তরাষ্ট্রের একজন প্রাক্তন ফার্স্ট লেডি এই উদ্ধৃতিটি করেছেন যিনি তাঁর সারা জীবন বিশ্বের সকল মানুষের জীবন উন্নয়নে উৎসর্গ করেছেন। শিক্ষার্থীদের এই উদ্ধৃতিটি ব্যাখ্যা করুন এবং তাদেরকে আশেপাশের অনৈতিক কার্যকলাপ সম্পর্কে চিন্তা করতে বলুন এবং সেগুলো সমাধানের জন্য প্রস্তাব রাখতে বলুন।